

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-২ অধিশাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৬২.২০১৬-৩০৬

তারিখ : ১৭ কার্তিক, ১৪২৩  
০১ নভেম্বর, ২০১৬

অফিস আদেশ

যেহেতু ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানগণের শপথ গ্রহণ অনুষ্ঠানে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে কর্মরত উদ্যোক্তাগণের সাথে চুক্তি সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।


যেহেতু বগুড়া জেলার গাবতলী উপজেলার নশিপুর ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান জনাব মোঃ নজরুল ইসলাম ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানগণের শপথ গ্রহণ অনুষ্ঠানে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে কর্মরত উদ্যোক্তাগণের সাথে চুক্তি সম্পাদন করেননি।

যেহেতু জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক একাধিকবার চুক্তি সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান সত্ত্বেও তা যথাযথভাবে প্রতিপালন না করে ক্ষমতার অপব্যহার ও কর্তব্যে অবহেলা প্রদর্শন করেছেন যা অসদাচরণের সামিল এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৪)(ঘ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানগণের শপথ গ্রহণ অনুষ্ঠানে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে কর্মরত উদ্যোক্তাগণের সাথে চুক্তি সম্পাদনের জন্য সরকারী নির্দেশনা প্রতিপালন না করায় তাদের এরূপ কার্যক্রম জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, বগুড়া জেলার গাবতলী উপজেলার নশিপুর ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান জনাব মোঃ নজরুল ইসলাম-কে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।


  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপ-সচিব  
ফোন : ৯৫১৪১৯০

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৬২.২০১৬-৩০৬

তারিখ : ১৭ কার্তিক, ১৪২৩  
০১ নভেম্বর, ২০১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, বগুড়া।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জনাব মোঃ নজরুল ইসলাম, চেয়ারম্যান(সাময়িক বরখাস্তকৃত), নশিপুর ইউনিয়ন পরিষদ, গাবতলী, বগুড়া।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-২ অধিশাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৬২.২০১৬- ৩০৫

তারিখ : ১৭ কার্তিক, ১৪২৩  
০১ নভেম্বর, ২০১৬

অফিস আদেশ

যেহেতু ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানগণের শপথ গ্রহণ অনুষ্ঠানে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে কর্মরত উদ্যোক্তাগণের সাথে চুক্তি সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।


যেহেতু বগুড়া জেলার গাবতলী উপজেলার মহিষাবান পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান জনাব মোঃ আমিনুল ইসলাম ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানগণের শপথ গ্রহণ অনুষ্ঠানে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে কর্মরত উদ্যোক্তাগণের সাথে চুক্তি সম্পাদন করেননি।

যেহেতু জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক একাধিকবার চুক্তি সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান সত্ত্বেও তা যথাযথভাবে প্রতিপালন না করে ক্ষমতার অপব্যহার ও কর্তব্যে অবহেলা প্রদর্শন করেছেন যা অসদাচরণের সামিল এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৪)(ঘ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানগণের শপথ গ্রহণ অনুষ্ঠানে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে কর্মরত উদ্যোক্তাগণের সাথে চুক্তি সম্পাদনের জন্য সরকারী নির্দেশনা প্রতিপালন না করায় তাদের এরূপ কার্যক্রম জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, বগুড়া জেলার গাবতলী উপজেলার মহিষাবান পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান জনাব মোঃ আমিনুল ইসলাম-কে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।


  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপ-সচিব  
ফোন : ৯৫১৪১৯০

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৬২.২০১৬- ৩০৫

তারিখ : ১৭ কার্তিক, ১৪২৩  
০১ নভেম্বর, ২০১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, বগুড়া।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জনাব মোঃ আমিনুল ইসলাম, চেয়ারম্যান(সাময়িক বরখাস্তকৃত), মহিষাবান ইউনিয়ন পরিষদ, গাবতলী, বগুড়া।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপ-সচিব